

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
লোহাগাড়া, চট্টগ্রাম
www.dss.lohagara.chittagong.gov.bd

স্মারক নম্বরঃ ৪১.০১.১৫৪৭.০০০.১৬.০০১.২৩.২৭


তারিখঃ ২০ মার্চ ২০২৩ খ্রিঃ

বিষয়ঃ শুনানীতে উপস্থিত হওয়া প্রসঙ্গে।

সূত্রঃ ৪১.০১.১৫০০.০০৩.১৮.০০১.১৯.১৩৭, তারিখ : ০২ মার্চ ২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ৭ মোতাবেক প্রাপ্ত ক্ষমতাবলে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৬২ এর বিধি ৯ ও ১০ এর প্রদত্ত শর্তসমূহ বাধ্যতামূলকভাবে পালন সাপেক্ষে জেলা সমাজসেবা কার্যালয় হতে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহকে নিবন্ধন প্রদান করা হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, নিবন্ধন গ্রহণ করার পর অনেক সংস্থা নিবন্ধন কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা সহ প্রদত্ত শর্তসমূহ পালন করছেন না। এমনকি নির্দিষ্ট মেয়াদান্তে কার্যকরী কমিটির অনুমোদনসহ নিবন্ধন সনদে বর্ণিত শর্তসমূহও প্রতিপালন করছেন না। কিছু কিছু সংগঠন নিজেদের মত করে কার্যকরী কমিটি গঠন করে নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই কার্যক্রম পরিচালনা করছেন এবং কোন কোন ক্ষেত্রে দ্বন্দ্ব ও কলহে লিপ্ত হচ্ছেন। যার ফলশ্রুতিতে সরকারের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ এবং স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৬২ এর লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। এমতাবস্থায় চট্টগ্রাম জেলাধীন লোহাগাড়া উপজেলায় নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ নিবিড় মনিটরিং করে শুনানী গ্রহণপূর্বক নিবন্ধীকরণ কর্তৃপক্ষের নিকট নিষ্ক্রিয় সংস্থাসমূহের নিবন্ধন বাতিল বা বিলুপ্তি ঘোষণার সুপারিশসহ প্রতিবেদন প্রেরণ করা প্রয়োজন।

সুতরাং আপনার নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থার প্রয়োজনীয় কাগজপত্রাদি (নিবন্ধন সনদ, কমিটি অনুমোদনপত্র, ক্যাশ বহি, রেজুলেশন বহি, বিগত ৩ বছরের অডিট রিপোর্ট, বার্ষিক কার্যক্রম প্রতিবেদন সহ) নিয়ে আগামী ০৯/০৪/২০২৩ খ্রিঃ তারিখে স্বশরীরে উপজেলা সমাজসেবা কার্যালয়, লোহাগাড়া, চট্টগ্রামে উপস্থিত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় আপনার সংস্থাটি নিষ্ক্রিয় বলে গণ্য করা হবে।



২০.০৩.২৩
(দেলোয়ার হোসাইন)

উপজেলা সমাজসেবা অফিসার

লোহাগাড়া, চট্টগ্রাম

ফোন-০২৩৩৪৪৫৮৯৯৮

মোবাইল-০১৭০৮৪১৪৭৭৫

usso.lohagara.chittagong@dss.gov.bd

সভাপতি/সাধারণ সম্পাদক,

লোহাগাড়া, চট্টগ্রাম।

সদয় জ্ঞার্থার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।

২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগাড়া, চট্টগ্রাম।

৪। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগাড়া, চট্টগ্রাম।

৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), লোহাগাড়া, চট্টগ্রাম (বিষয়টি প্রচারের অনুরোধসহ)।

৬। সভাপতি/সাধারণ সম্পাদক, লোহাগাড়া প্রেস ক্লাব, লোহাগাড়া, চট্টগ্রাম (ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)।

৭। অফিস কপি।